

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১৪২.১৯.১৫৬

তারিখ: ২০ ভাদ্র ১৪২৬

০৪ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-৭১৪১/২০১৯ মামলায় সরকার পক্ষে প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: মহামান্য হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ০৭.০৭.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব ফওজিয়া ইয়াসমিন (ইনডেক্স নং-৩০৭৫৩১৪), স্বামী: তৌহিদুল ইসলাম, ৪/ডি, গিরিশ চক্রবর্তী রোড, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, প্রভাষক (কম্পিউটার), হাজী কাশেম আলী টেকনিক্যাল এবং বি.এম কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ, জেলা: ময়মনসিংহ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৭১৪১/২০১৯ মামলা দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, রিট পিটিশন নং-৭১৪১/২০১৯ মামলায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৮.১০১৪, তারিখ: ১৮.১১.২০১৮ খ্রি: {স্মারক পত্রটি স্বাক্ষরিত হয়েছে সহকারী পরিচালক-৮ (ভোকেশনাল-৩), কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা কর্তৃক} মূলে আবেদনকারী জনাব ফওজিয়া ইয়াসমিন (ইনডেক্স নং-৩০৭৫৩১৪) এর এমপিও বাতিল করা হয়েছে। এর পরিপ্রেক্ষিতে স্মারকপত্রটিকে চ্যালেঞ্জ করে এমপিও চালু করার দাবীতে রিট পিটিশন নং-৭১৪১/২০১৯ মামলাটি দায়ের করা হয়েছে।

০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, কারিগরি শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ১ নং রেসপনডেন্ট; মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর-কে ২ নং রেসপনডেন্টসহ মোট ০৮ (আট) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে মহামান্য আদালতে *Affidavit in opposition* দাখিলসহ জরুরীভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ আবশ্যিক।

০৫. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-৭১৪১/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ (ইতোপূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে প্রমাণকসহ তথ্য আগামী ৩০.০৯.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৪-৯-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



৪-৯-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)